



বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।
ঋণ আদায় বিভাগ।

পরিবেশ বান্ধব ব্যাংকিং করুন

ফ্যাক্স : ০২- ৯৫৫০৫০৫

ফোন : ০২- ৯৫৬৩১৬৫

Email: dgmrecovery@
rishibank.org.bd

ঋণ আদায় মহাবিভাগ পরিপত্র নং- ০১/২০১৫

তারিখ : ২২-০৬-২০১৫ খ্রিঃ

Better BKB

বিষয় : ২০১৫-২০১৬ অর্থ বছরের ঋণ আদায় লক্ষ্যমাত্রা নির্ধারণ ও অর্জন প্রসংগে।

বাংলাদেশ কৃষি ব্যাংকের শ্রেণীকৃত ঋণ(নন-পারফরমিং লোন) অধিক পরিমাণে হ্রাসকরণপূর্বক অশ্রেণীকৃত ঋণ স্থিতি বৃদ্ধি করে আর্থিক ভিত্তি সুদৃঢ়করণ, নগদ তহবিল বৃদ্ধিকরণ এবং মুনাফা অর্জনের লক্ষ্যে ঋণ আদায়ের কোন বিকল্প নেই। ব্যাংকের ঋণ বিতরণ ও সকল আর্থিক কার্যক্রম পরিচালনা/সফল বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় তহবিলের প্রধান উৎস হলো ঋণ আদায়। ঋণ আদায়ের জন্য প্রয়োজ্য সব ধরনের কলাকৌশল অবলম্বনের মাধ্যমে ঋণ আদায়ে গতিশীলতা আনতে না পারলে অনাদায়ী পারফরমিং ঋণ নন-পারফরমিং ঋণে পরিণত হয়ে ব্যাংকের আয় হ্রাস পাবে, যা ব্যাংকের সার্বিক কর্মকাণ্ডের উপর নেতিবাচক প্রভাব পড়বে। তাই, ব্যাংকের শ্রেণীকৃত/খেলাপী ঋণ আদায় কার্যক্রমকে অবশ্যই সর্বোচ্চ অগ্রাধিকার দিতে হবে

০২। উপর্যুক্ত অবস্থায়, অত্র ব্যাংকের আর্থিক ভিত্তি সুদৃঢ়করণ এবং আয় বৃদ্ধির স্বার্থে ২০১৫-২০১৬ অর্থ বছরের জন্য নিম্নরূপভাবে মোট ৬৭৫০.০০ (ছয় হাজার সাতশত পঞ্চাশ) কোটি টাকা ঋণ আদায় লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে, যা এতদসংগে সংযুক্ত পরিশিষ্ট-ক' অনুযায়ী স্থানীয় মুখ্য কার্যালয়/কর্পোরেট শাখা/অঞ্চলওয়ারী বন্টন করে দেয়া হলো।

(কোটি টাকায়)

২০১৫-২০১৬ অর্থ বছরের জন্য ঋণ আদায় লক্ষ্যমাত্রা নির্ধারণ						
শ্রেণীকৃত ঋণ আদায়			আদায়যোগ্য (শ্রেণীযোগ্য) ঋণ আদায়			সর্বমোট
এসএস ও ডিএফ	বিএল	মোট	শ্রেণীযোগ্য ঋণ-১	শ্রেণীযোগ্য ঋণ-২	মোট	
৫২০.০০	৯৩০.০০	১৪৫০.০০	২৮০০.০০	২৫০০.০০	৫৩০০.০০	৬৭৫০.০০

০৩। ঋণ আদায় লক্ষ্যমাত্রাসমূহ :

ক) শ্রেণীকৃত ঋণ আদায় : বাংলাদেশ কৃষি ব্যাংকের অনাদায়ী শ্রেণীকৃত ঋণ (নন-পারফরমিং লোন) ব্যাংকের জন্য উদ্বেগের কারণ হয়ে দাঁড়িয়েছে। শ্রেণীকৃত ঋণ হ্রাসের পরিমাণ মোটেই সন্তোষজনক নয়। শ্রেণীকৃত ঋণ স্থিতির হার ২০% এর নীচে নামিয়ে আনতে না পারলে ব্যাংকের ঋণ ঝুঁকি ও প্রভিশনের মাত্রা ক্রমাগত বৃদ্ধি পাবে, যা ব্যাংকের আর্থিক ভিত্তি সুদৃঢ়করণ এবং মুনাফা অর্জনের ক্ষেত্রে অন্তরায় হয়ে দাঁড়াবে। ব্যাংকের নন-পারফরমিং লোন(শ্রেণীকৃত ঋণ) হ্রাসের মাধ্যমে আয় বৃদ্ধি এবং আর্থিক ভিত্তি সুদৃঢ়করণের লক্ষ্যে ২০১৫-২০১৬ অর্থ বছরের শ্রেণীকৃত ঋণ হতে আদায় লক্ষ্যমাত্রা শতভাগ অর্জন নিশ্চিত করতে হবে। অঞ্চল প্রধানগণ শাখার শ্রেণীকৃত ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা নির্ধারণকালে মোট বিএল (BL) এবং এসএস ও ডিএফ (SS & DF) স্থিতির বিপরীতে আনুপাতিক হারে লক্ষ্যমাত্রা নির্ধারণ করে তা অর্জনের জন্য নিবিড়ভাবে মনিটরিং করবেন। শাখা ব্যবস্থাপকগণ অনুরূপ পদ্ধতিতে প্রত্যেক মাঠকর্মীকে শ্রেণীকৃত ঋণ আদায় বার্ষিক লক্ষ্যমাত্রা নির্ধারণ করে মাসিক ভিত্তিতে অর্জনের বিষয়টি নিবিড়ভাবে তদারকি করবেন মাঠ কার্যালয়সমূহকে নির্দেশনা দেয়া যেতে পারে।।

(১) মন্দ/ক্ষতি হিসাবে চিহ্নিত শ্রেণীকৃত ঋণ (BL) : মন্দ/ক্ষতি হিসেবে চিহ্নিত ঋণ আদায়ের জন্য আলাদাভাবে লক্ষ্যমাত্রা নির্ধারণ করে তা তদারকি করার বিষয়ে বাংলাদেশ ব্যাংকের সাথে বাংলাদেশ কৃষি ব্যাংক কর্তৃক স্বাক্ষরিত সমঝোতা স্মারকে নির্দেশনা রয়েছে। সুতরাং, ঋণ আদায় বিভাগের ০২-১২-২০০৮ তারিখের পত্র নং ১২২৪ এর নির্দেশনা মোতাবেক মন্দ/ক্ষতি হিসাবে চিহ্নিত ঋণ আদায়ের জন্য গঠিত কমিটির কার্যক্রম অধিকতর জোরদারকরণের মাধ্যমে ২০১৫-২০১৬ অর্থ বছরে মন্দ/ক্ষতি হিসেবে চিহ্নিত (BL) ঋণ আদায় লক্ষ্যমাত্রার শতভাগ অর্জনে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে;

(২) এসএস ও ডিএফ(SS & DF) ঋণ আদায় : উক্ত শ্রেণীকৃত ঋণ আদায় কার্যক্রম জোরদারকরণপূর্বক অধিক পরিমাণে ৫২-স্থগিত সুদ আদায়ের মাধ্যমে ব্যাংকের আয় বৃদ্ধি এবং শ্রেণীকৃত ঋণ হ্রাসে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে;

খ) আদায়যোগ্য (শ্রেণীযোগ্য) ঋণ আদায় : যে সমস্ত অশ্রেণীকৃত ঋণ যথাক্রমে ৩১-১২-২০১৫ এং ৩০-০৬-২০১৬ নির্ধারিত তারিখের মধ্যে আদায় না হলে উল্লিখিত সূত্র তারিখে শ্রেণীকৃত হবে, সে সমস্ত আদায়যোগ্য ঋণসমূহ (শ্রেণীযোগ্য ঋণ-WCI) ৩০-০৬-২০১৫ সূত্র তারিখ ভিত্তিক ঋণ শ্রেণীবিন্যাস কার্যক্রম সম্পন্ন পরবর্তী অত্যন্ত সতর্কতার সহিত সঠিকভাবে সনাক্ত করে তালিকা প্রস্তুতপূর্বক তা ১০০% আদায় নিশ্চিত করতে হবে। ২০১৫-২০১৬ অর্থ বছরে নতুনভাবে শ্রেণীকৃত হওয়া রোধকল্পে শ্রেণীযোগ্য ঋণ(WCI) হিসাবে চিহ্নিত সকল স্বল্প মেয়াদী ঋণ এবং যে সকল মেয়াদী ঋণের কিস্তি আদায় না হলে সম্পূর্ণ ঋণটি শ্রেণীকৃত হবে, সে সব ক্ষেত্রে ঋণের আদায়যোগ্য কিস্তির ১০০% নির্ধারিত সময়ের মধ্যে অবশ্যই আদায় নিশ্চিত করতে হবে। WCI-1(৩১-১২-২০১৫ সূত্র তারিখ ভিত্তিক শ্রেণীযোগ্য ঋণ-১) এবং WCI-2 (৩০-০৬-২০১৬ সূত্র তারিখ ভিত্তিক শ্রেণীযোগ্য ঋণ-২) যাতে কোনক্রমেই যথাক্রমে ৩১-১২-২০১৫ এবং ৩০-০৬-২০১৬ তারিখে নতুনভাবে শ্রেণীকৃত ঋণে পরিণত হতে না পারে তা নিশ্চিত করে সকল শাখাকে New CL Free হিসাবে ঘোষণা করতে হবে।

[Signature]

[Signature]

[Signature]

০৪। ঋণ আদায় কার্যক্রম : ২০১৫-২০১৬ অর্থ বছরের জন্য নির্ধারিত ৬৭৫০.০০(ছয় হাজার সাতশত পঞ্চাশ) কোটি টাকা ঋণ আদায় লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে স্থানীয় মুখ্য কার্যালয়সহ সকল বিভাগীয় কার্যালয়, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়, কর্পোরেট শাখা ও শাখাসমূহকে নিম্নোক্ত কার্যক্রম গ্রহণ ও তা সফলভাবে বাস্তবায়ন করতে হবে:

(১) ঋণ গ্রহীতাদের তালিকা প্রস্তুতকরণ: ৩১ জুলাই তারিখের মধ্যে শাখার অনাদায়ী ঋণের শ্রেণীভিত্তিক ইউনিয়ন/গ্রামওয়ারী তালিকা প্রস্তুত করতে হবে। উক্ত তালিকায় ঋণ গ্রহীতাদের জাতীয় পরিচয় পত্র নম্বর, মোবাইল/টেলিফোন নম্বর (সম্ভাব্য ক্ষেত্রে) লিপিবদ্ধ করতে হবে যাতে তাদের সাথে ব্যক্তিগত যোগাযোগ ও ঋণ পরিশোধে তাগিদ প্রদান অধিকতর সহজ হয়।

(২) নোটিশ জারীকরণ: ডিউ ডেট রেজিস্টার হালনাগাদ করে প্রয়োজ্য সকল ক্ষেত্রে ডিমান্ড, লিগ্যাল নোটিশ জারী করতে হবে। প্রয়োজনে বিশেষ নোটিশ জারীর ব্যবস্থা গ্রহণ;

(৩) ব্যক্তিগত যোগাযোগ: ঋণ কার্যক্রম ফলপ্রসূ করার লক্ষ্যে ঋণ গ্রহীতাদের সাথে নিয়মিতভাবে ব্যক্তিগত যোগাযোগ ও ঋণ পরিশোধে তাগিদ প্রদান/উৎসাহকরণের কোন বিকল্প নেই। যে সমস্ত এলাকায় অধিক খেলাপী ঋণ গ্রহীতা রয়েছে উক্ত এলাকাকে অগ্রাধিকার দিয়ে মাসিক ভ্রমণসূচি প্রণয়নপূর্বক ব্যাপকভাবে মাঠে ভ্রমণ এবং ঋণ গ্রহীতাদের সাথে ব্যক্তিগত যোগাযোগ ও তাগিদে মাধ্যমে বার্ষিক ঋণ আদায় লক্ষ্যমাত্রা অর্জনে মাঠকর্মীদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে। মাঠকর্মীদের কার্যক্রম শাখা ব্যবস্থাপক কর্তৃক নিবিড় তদারকিকরণ সহ অর্জিত ফলাফলের ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;

(৪) ঋণ আদায়ের বিশেষ কর্মসূচি গ্রহণ : ঋণ আদায় লক্ষ্যমাত্রা অর্জনের গতিতে ত্বরান্বিত করার জন্য ঋণ আদায়ের স্বাভাবিক কার্যক্রম ছাড়াও বিশেষ ঋণ আদায় কর্মসূচি পূর্বক ঋণ আদায়/মহাকাব্য/গ্রাহক সমাবেশের আয়োজন করতে হবে;

(৫) আয় বৃদ্ধি করার লক্ষ্যে ৫২-স্থগিত সুদ আয় খাতে স্থানান্তর : স্থগিত সুদবাহী ঋণ হিসাব সমূহ শ্রেণীকৃত ঋণেরই একটা অংশ এবং ব্যাংকের আয়ের অন্যতম উৎস। স্থগিত সুদবাহী শ্রেণীকৃত ঋণ হিসাবের বিপরীতে সর্বোচ্চ অগ্রাধিকার ভিত্তিতে ৪,০০০/- টাকা পর্যন্ত স্থিতি সম্পন্ন ফলিও এর স্থগিত সুদের ১০০% এবং অন্যান্য ফলিও থেকে ন্যূনতম ৪,০০০/-টাকা আদায় নিশ্চিত করে আয় বৃদ্ধির প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। স্থানীয় মুখ্য কার্যালয়, কর্পোরেট শাখা এবং শাখাসমূহ ৩০-০৬-২০১৫ তারিখ ভিত্তিক ৫২-স্থগিত সুদ হিসাব খাতের স্থিতির ন্যূনতম ৩০% হারে ২০১৫-২০১৬ অর্থ বছরের আয় খাতে স্থানান্তরের লক্ষ্যমাত্রা বিবেচনা করে তা অর্জন নিশ্চিত করতে হবে।

(৬) অবলোপনকৃত ঋণ আদায় : ব্যাংকের প্রচলিত নীতিমালা অনুযায়ী অবলোপনকৃত ঋণ আদায় হলে তা আয় খাতে অন্তর্ভুক্ত হয়। তাই, অবলোপনকৃত ঋণ হতে অধিক পরিমাণে আদায় করে ব্যাংকের আয় বৃদ্ধি নিশ্চিত করতে হবে। অঞ্চল প্রধানগণ শাখাসমূহের ৩০-০৬-২০১৫ তারিখ ভিত্তিক অবলোপনকৃত ঋণ স্থিতির ন্যূনতম ১০% হিসেবে ২০১৫-২০১৬ অর্থ বছরে অবলোপনকৃত ঋণ আদায় লক্ষ্যমাত্রা নির্ধারণ করে দিবেন। উক্ত লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে অঞ্চল পর্যায়ে Debt Collection Unit এর নিয়মিত মাসিক সভা অনুষ্ঠান, শাখাসমূহের অর্জিত ফলাফলের আপোকে পরবর্তী করণীয় সম্পর্কে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান এবং শাখা সমূহ কর্তৃক গৃহীত কার্যক্রম নিবিড়ভাবে তদারকি করতে হবে। স্থানীয় মুখ্য কার্যালয় এবং কর্পোরেট শাখাসমূহ ৩০-০৬-২০১৫ তারিখ ভিত্তিক অবলোপনকৃত ঋণ স্থিতির ন্যূনতম ১০% হারে ২০১৫-২০১৬ অর্থ বছরের অবলোপনকৃত ঋণ আদায় লক্ষ্যমাত্রা বিবেচনা করে তা অর্জন নিশ্চিত করবেন।

(৭) পুনঃতফশিলকৃত ঋণ আদায়: পুনঃতফশিলকৃত ঋণগুলো যাতে পুনরায় শ্রেণীকৃত ঋণে পরিণত না হয়, সে লক্ষ্যে আদায় সূচি অনুযায়ী সকল আদায়যোগ্য পাওনা/ দেয় কিস্তিসমূহ নির্ধারিত সময়ের মধ্যেই আদায় নিশ্চিত করতে হবে। আয় বৃদ্ধির লক্ষ্যে পুনঃতফশিলকৃত ঋণের অনাদায়ী ৫২-স্থগিত সুদ স্থিতির শতভাগ ৩১-১২-২০১৫ তারিখের মধ্যে আদায় নিশ্চিতকরণের লক্ষ্যে কার্যকর ব্যবস্থা গ্রহণ;

(৮) শীর্ষ ৫০ খেলাপী ঋণ গ্রহীতাদের নিকট হতে খেলাপী ঋণ আদায় কার্যক্রম : শীর্ষ ৫০ খেলাপী ঋণ গ্রহীতাদের তালিকা প্রস্তুতকরণ, তালিকাভুক্ত শীর্ষ ৫০ খেলাপী ঋণ গ্রহীতাদের নিকট হতে খেলাপী ঋণ আদায় কার্যক্রম ত্বরান্বিতকরণপূর্বক শ্রেণীকৃত ঋণ আদায় উল্লেখযোগ্য পরিমাণে বৃদ্ধি করতে হবে। মাঠ পর্যায়ের নিয়ন্ত্রণকারী কার্যালয় কর্তৃক কর্পোরেট শাখা/শাখাসমূহের এতদসংক্রান্ত কার্যাবলী নিয়মিতভাবে তদারকি এবং পরিধারণে কার্যকর পদক্ষেপ গ্রহণ;

(৯) তামাদি রোধ/তামাদি ঋণ আদায়/নিয়মিতকরণ: ৩০-০৬-২০১৫ তারিখ ভিত্তিক অনিশ্চিত তামাদি ঋণ হিসাবসমূহের জন্য একটি রেজিস্টার প্রস্তুত ও সংরক্ষণ করতে হবে। প্রতি মাসের তৃতীয় সপ্তাহে তামাদি ঋণ আদায়/নিয়মিতকরণের বিশেষ কর্মসূচি গ্রহণ ও তা বাস্তবায়নে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। পরবর্তী ৬(ছয়) মাসের মধ্যে তামাদি হতে পারে এমন ঋণ হিসাবসমূহ চিহ্নিত করে রেজিস্টার প্রস্তুতপূর্বক তামাদি রোধের কার্যকর ব্যবস্থা নিতে হবে। খেলাপী ঋণ সম্পূর্ণ আদায়ে ব্যর্থ হলে তামাদি রোধ এবং তামাদি ঋণ নিয়মিতকরণ পরবর্তী অর্থ ঋণ আদালত/সার্টিফিকেট আদালতে মোকদ্দমা দায়ের করতে হবে।

(১০) ভূয়া ঋণ আদায়: ৩০-০৬-২০১৫ তারিখ ভিত্তিক অনিশ্চিত ভূয়া ঋণ হিসাবসমূহ আদায়ের নিমিত্তে সংশ্লিষ্ট ভূয়া ঋণের জন্য দায়ী কর্মকর্তা/ কর্মচারী/জামিনদার/নিশ্চয়তা প্রদানকারী/সনাক্তকারীদের বিরুদ্ধে যথাযথ আইনগত ব্যবস্থা গ্রহণ;

(১১) অর্থ ঋণ আদালত এবং সার্টিফিকেট আদালতে মামলা দায়ের এবং নিশ্চিতকরণ : ঋণ আদায়ের সকল কলাকৌশল অবলম্বন করা সত্ত্বেও ঋণ আদায় সম্ভব না হলে এবং ঋণ তামাদিতে বারিত হওয়ার সম্ভাবনা থাকলে সেক্ষেত্রে অতি সচুন্ন অর্থ ঋণ আদালতে এবং সার্টিফিকেট আদালতে মামলা দায়েরের উদ্যোগ গ্রহণ করতে হবে। শ্রেণীকৃত ঋণ আদায়ের লক্ষ্যে অর্থ ঋণ আদালতে দায়েরকৃত মোকদ্দমা, ম্যানিস্যুট ও সার্টিফিকেট মামলাসমূহ অগ্রাধিকার ভিত্তিতে নিশ্চিতকরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। অনিশ্চিত মোকদ্দমাসমূহের বছর ভিত্তিক তালিকা প্রস্তুত ও রেজিস্টার সংরক্ষণ করতে হবে। আদালতের বাইরে মামলা সংশ্লিষ্ট খাতকের সাথে নিবিড়ভাবে যোগাযোগ প্রতিষ্ঠা করে অনিশ্চিত মামলাসমূহ দ্রুততম সময়ের মধ্যে নিশ্চিতকরণ লক্ষ্যে স্থানীয় মুখ্য কার্যালয় প্রধান/কর্পোরেট শাখা প্রধান/ মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক ও শাখা ব্যবস্থাপক কর্তৃক কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে; এবং


(১২) তদারকি কার্যক্রম : বিজ্ঞীয় মহাব্যবস্থাপক/মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকগণ তাদের নিয়ন্ত্রণাধীন শাখাসমূহের শ্রেণীকৃত ঋণ, শ্রেণীযোগ্য ঋণ, অবলোপনকৃত ঋণ আদায় এবং ৫২-স্থগিত সুদ আয় খাতে স্থানান্তর লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে গৃহীত কার্যক্রম নিবিড়ভাবে তদারকি করে ২০১৫-২০১৬ অর্থ বছরের নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করবেন। প্রয়োজ্য ক্ষেত্রে ঋণ অবলোপন, সুদ মওকুফ, ঋণ পুনঃতফশিলিকরণের মাধ্যমে শ্রেণীকৃত ঋণ হ্রাসের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

০৫। শ্রেণীকৃত ঋণ, শ্রেণীযোগ্য ঋণ, এনসিএল, অবলোপনকৃত ঋণ আদায় এবং ৫২-স্থগিত সুদ আয় খাতে স্থানান্তর লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন সংক্রান্ত তথ্যাদি সাপ্তাহিক প্রতিবেদনে রিপোর্টিং করণঃ

- (১) শ্রেণীকৃত ঋণ(এসএস, ডিএফ ও বিএল) হতে নগদ আদায়ের পরিমাণ সাপ্তাহিক প্রতিবেদনে অর্জন হিসেবে দেখাতে হবে। এক্ষেত্রে সুদ মওকুফ, অবলোপন বা অন্য কোন কারণে সমন্বয়কৃত অংশ লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন হিসেবে দেখানো যাবে না;
- (২) শ্রেণীযোগ্য ঋণ-১ ও শ্রেণীযোগ্য ঋণ-২ এর ক্ষেত্রে নগদে আদায়কৃত টাকা সাপ্তাহিক প্রতিবেদনের নগদ অর্জনের কলামে দেখাতে হবে। মেয়াদী ঋণের আদায়যোগ্য কিস্তি নগদে আদায়ের মাধ্যমে সংশ্লিষ্ট ঋণ হিসাব পরবর্তী ৩১ ডিসেম্বর/৩০ জুন সূত্র তারিখে শ্রেণীকৃত ঋণে পরিণত হওয়া রোধ করা হলে অবশিষ্ট অনাদায়ী স্থিতি সমন্বয় হিসেবে সাপ্তাহিক প্রতিবেদনে দেখাতে হবে;
- (৩) ৩১ ডিসেম্বর সূত্র তারিখে নতুনভাবে শ্রেণীকৃত হওয়া ঋণ(NCL) যেহেতু শ্রেণীযোগ্য ঋণ-১ এর অনাদায়ী স্থিতি, সেহেতু উক্ত NCL হতে আদায়কৃত টাকা শ্রেণীযোগ্য ঋণ-১/শ্রেণীযোগ্য ঋণ-২ এর অনুরূপ নগদ আদায় ও সমন্বয় হিসেবে দেখাতে হবে;
- (৪) অবলোপনকৃত ঋণ হতে নগদ আদায়কৃত টাকা লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন হিসেবে দেখাতে হবে। এক্ষেত্রে সুদ মওকুফ বা অন্য কোন কারণে সমন্বয়কৃত অংশ লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন হিসেবে দেখানো যাবে না;
- (৫) স্থগিত সুদবাহী শ্রেণীকৃত ঋণ আদায় পরবর্তী যে পরিমাণ ৫২-স্থগিত সুদ ৪৬/১ আয় খাতে স্থানান্তর করা হবে কেবলমাত্র সে পরিমাণই ৫২-স্থগিত সুদ আয় খাতে স্থানান্তর লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন হিসেবে দেখাতে হবে। এক্ষেত্রে সুদ মওকুফ বা অন্য কোন কারণে সমন্বয়কৃত অংশ লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন হিসেবে দেখানো যাবে না;

০৬। মুখ্য অঞ্চল/অঞ্চল প্রধানগণ 'পরিশিষ্ট-ক' এ উল্লিখিত ঋণ আদায় লক্ষ্যমাত্রা এবং ৩০-০৬-২০১৫ তারিখ ভিত্তিক ৫২-স্থগিত সুদ স্থিতির ন্যূনতম ৩০% ও অবলোপনকৃত ঋণ স্থিতির ন্যূনতম ১০% হারে লক্ষ্যমাত্রা নির্ধারণপূর্বক ১৫-০৭-২০১৫ তারিখের মধ্যে শাখাওয়ারী বন্টন করে উক্ত পত্রের একটি অনুলিপি ঋণ আদায় বিভাগে প্রেরণ নিশ্চিত করবেন।

০৭। শাখাসমূহ ৩০-০৬-২০১৫ তারিখ ভিত্তিক ঋণ শ্রেণীবিভাগ্য বিবরণী প্রস্তুতের পর ৩১-১২-২০১৫ ও ৩০-০৬-২০১৬ সূত্র তারিখ ভিত্তিক শ্রেণীযোগ্য ঋণ-১ (WCL-1) এবং শ্রেণীযোগ্য ঋণ-২ (WCL-2) নির্ভুলভাবে চিহ্নিত করে 'পরিশিষ্ট-খ' অনুযায়ী একটি বিবরণী ২০-০৭-২০১৫ তারিখের মধ্যে প্রস্তুত পূর্বক সংরক্ষণ করবে। শাখা কর্তৃক প্রস্তুতকৃত উক্ত বিবরণীর আলোকে আঞ্চলিক নিরীক্ষা কার্যালয় কর্তৃক শাখাসমূহের WCL-1 এবং WCL-2 নিরূপনের সঠিকতা যাচাইপূর্বক মুখ্য অঞ্চল/অঞ্চলাধীন শাখা ভিত্তিক সংকলিত বিবরণী মুখ্য অঞ্চল/অঞ্চল প্রধান এবং আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তার যৌথ স্বাক্ষরে ১৫-০৮-২০১৫ তারিখের মধ্যে মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয় হতে ঋণ আদায় বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। অনুরূপভাবে বিকেবি, স্থানীয় মুখ্য কার্যালয় কর্তৃক প্রস্তুতকৃত বিবরণী প্রত্যবেক্ষণ ও নিরীক্ষা বিভাগ-১ এবং কর্পোরেট শাখাসমূহ কর্তৃক প্রস্তুতকৃত বিবরণীর সঠিকতা বিভাগীয় নিরীক্ষা কার্যালয় কর্তৃক যাচাইপূর্বক বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা ও উপ-মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়/কর্পোরেট শাখা কর্তৃক যৌথভাবে প্রত্যয়ন করে ১৫-০৮-২০১৫ তারিখের মধ্যে স্থানীয় মুখ্য কার্যালয় ও কর্পোরেট শাখাসমূহ হতে ঋণ আদায় বিভাগে প্রেরণ নিশ্চিত করবেন।


(পীম্ব চন্দ্র জিওয়াল)
মহাব্যবস্থাপক

প্রকা/আদায়-৮(৫৪)/২০১৪-২০১৫/ ১০৪৬(১২০০)


ই-মেইলযোগে

তারিখ : ২২-০৬-২০১৫ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, সকল উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়গণের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৪। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৫। সচিব, পর্বদ সচিবালয়/সকল উপ-মহাব্যবস্থাপক, বিকেবি, প্রকা/ট্রেনিং ইনস্টিটিউট, মিরপুর ঢাকা।
- ০৬। উপ-মহাব্যবস্থাপক, তথ্য প্রযুক্তি বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। অত্র পরিপত্রটি ব্যাংকে ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৭। উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৮। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৯। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ১০। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে।
- ১১। নথি/ মহানথি।




(মোঃ আব্দুল হসিন)
উপ-মহাব্যবস্থাপক


বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।
ঋণ আদায় বিভাগ

পরিশিষ্ট-ক


বিষয়ঃ ২০১৫-২০১৬ অর্থ বছরের জন্য এলপিও/কর্পোরেট শাখা/মুখ্য অঞ্চল/অঞ্চলওয়ারী ঋণ আদায় লক্ষ্যমাত্রা বন্টন।


(কোটি টাকায়)

ক্রঃ নং	এলপিও/ কর্পোরেট শাখা/ মুখ্য অঞ্চল/ অঞ্চলের নাম	২০১৫-২০১৬ অর্থ বছরের ঋণ আদায় লক্ষ্যমাত্রা						সর্বমোট ঋণ আদায় লক্ষ্যমাত্রা
		শ্রেণীকৃত ঋণ আদায় লক্ষ্যমাত্রা			শ্রেণীযোগ্য ঋণ আদায় লক্ষ্যমাত্রা			
		এসএস ও ডিএফ (SS & (B/L)	বিএল (B/L)	মোট (CL)	শ্রেণীযোগ্য ঋণ-১ (WCL-1)	শ্রেণীযোগ্য ঋণ-২ (WCL-2)	মোট (WCL)	
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
ঢাকা বিভাগ								
১	ঢাকা	১৩.২৬	২৫.৫২	৩৮.৭৮	৫৩.৯৬	৪৮.১৮	১০২.১৪	১৪০.৯২
২	মানিকগঞ্জ	১.৩৭	৮.৯৮	১০.৩৫	৩০.৯৬	২৭.৬৫	৫৮.৬১	৬৮.৯৬
৩	গাজীপুর	৫৩.৬১	২৯.৫৫	৮৩.১৬	৬০.২৫	৫৩.৭৯	১১৪.০৪	১৯৭.২০
৪	নারায়নগঞ্জ	২৬.৬৯	১৯.৩৪	৪৬.০৩	৪১.৩৯	৩৬.৯৫	৭৮.৩৪	১২৪.৩৭
৫	মুন্সীগঞ্জ	৯.২২	১৩.৩৬	২২.৫৮	৩৭.৪৬	৩৩.৪৪	৭০.৯০	৯৩.৪৮
৬	নরসিংদী	৯.২৭	৩০.৮০	৪০.০৭	৩৮.৪৯	৩৪.৩৭	৭২.৮৬	১১২.৯৩
৭	টাংগাইল (দঃ) মুঃ অঃ	৬.৯৪	১১.১৮	১৮.১২	৪০.৫২	৩৬.১৮	৭৬.৭০	৯৪.৮২
৮	টাংগাইল (উঃ) মুঃ অঃ	৪.৪৩	১০.৮৮	১৫.৩১	২৮.১২	২৫.১১	৫৩.২৩	৬৮.৫৪
৯	কাওরানবাজার কঃ শাঃ	০.৮৩	২৭.৭০	২৮.৫৩	১২৪.৪৪	১১১.১১	২৩৫.৫৫	২৬৪.০৮
১০	বনানী কর্পোঃ শাখা	০.০০	৪৮.২৯	৪৮.২৯	২.৭৮	২.৪৫	৫.২৩	৫৩.৫২
১১	নারায়নগঞ্জ কঃ শাঃ	০.১৭	৪.৩৬	৪.৫৩	৮.৪৩	৭.৫২	১৫.৯৫	২০.৪৮
	উপ-সমষ্টি :	১২৫.৭৯	২২৯.৯৬	৩৫৫.৭৫	৪৬৬.৮০	৪১৬.৭৫	৮৮৩.৫৫	১২৩৯.৩০
ময়মনসিংহ বিভাগ								
১২	ময়মনসিংহ(দঃ)	৩৯.১৩	৩৭.৩৫	৭৬.৪৮	১২৮.২৩	১১৪.৪৯	২৪২.৭২	৩১৯.২০
১৩	ময়মনসিংহ(উঃ)	১৩.৭২	১৩.৬৯	২৭.৪১	৮৫.৩৯	৭৬.২৪	১৬১.৬৩	১৮৯.০৪
১৪	জামালপুর	১২.৯৫	২৪.২৩	৩৭.১৮	৮৩.৩৬	৭৪.৪১	১৫৭.৭৭	১৯৪.৯৫
১৫	শেরপুর	৬.১৬	১৮.৮৫	২৫.০১	৬৪.৪৪	৫৭.৫৩	১২১.৯৭	১৪৬.৯৮
১৬	কিশোরগঞ্জ	১১.৬৯	২৪.৬৮	৩৬.৩৭	৬০.৬৬	৫৪.১৭	১১৪.৮৩	১৫১.২০
১৭	নেত্রকোনা	৬.৯৪	২০.৪৭	২৭.৪১	৫১.৪২	৪৫.৯০	৯৭.৩২	১২৪.৭৩
	উপ-সমষ্টি :	৯০.৫৯	১৩৯.২৭	২২৯.৮৬	৪৭৩.৫০	৪২২.৭৪	৮৯৬.২৪	১১২৬.১০
চট্টগ্রাম বিভাগ								
১৮	চট্টগ্রাম (পশ্চিম) মুঃ	৩৪.৮১	৮০.২৩	১১৫.০৪	৪৬.৪৭	৪১.৪৯	৮৭.৯৬	২০৩.০০
১৯	চট্টগ্রাম (পূর্ব) মুঃ অঃ	২.৪৬	৬.৬৫	৯.১১	৮.৪৯	৭.৫৮	১৬.০৭	২৫.১৮
২০	পটিয়া	৪.০৭	৮.৬৮	১২.৭৫	১৭.৬৫	১৫.৭৫	৩৩.৪০	৪৬.১৫
২১	কক্সবাজার	৫.৬৭	৩৮.৭৬	৪৪.৪৩	১৪.০৭	১২.৫৭	২৬.৬৪	৭১.০৭
২২	বান্দরবান	২.০৭	৬.৪১	৮.৪৮	৫.৬৫	৫.০৫	১০.৭০	১৯.১৮
২৩	রাঙ্গামাটি	১.২৩	৪.৯৫	৬.১৮	১২.৫০	১১.১৬	২৩.৬৬	২৯.৮৪
২৪	খাগড়াছড়ি	০.৯৪	১.৫২	২.৪৬	১৬.১০	১৪.৩৮	৩০.৪৮	৩২.৯৪
২৫	আমাবাদ কঃ শাখা	০.৫৬	৩১.১৭	৩১.৭৩	৩৯.৬১	৩৫.৩৮	৭৪.৯৯	১০৬.৭২
২৬	চট্টগ্রাম কঃ শাখা	০.৪৫	৭.৯২	৮.৩৭	৭১.৫৬	৬৩.৮৯	১৩৫.৪৫	১৪৩.৮২
	উপ-সমষ্টি :	৫২.২৬	১৮৬.২৯	২৩৮.৫৫	২৩২.১০	২০৭.২৫	৪৩৯.৩৫	৬৭৭.৯০
কুমিল্লা বিভাগ								
২৭	কুমিল্লা	৪.৮৮	১৯.৯৫	২৪.৮৩	৫৪.৮২	৪৮.৯৪	১০৩.৭৬	১২৮.৫৯
২৮	লাকসাম	৬.৭৬	১৪.৭১	২১.৪৭	৩৪.৩৭	৩০.৬৯	৬৫.০৬	৮৬.৫৩
২৯	চাঁদপুর	১.১৯	১০.৬৯	১১.৮৮	২৮.০২	২৫.০২	৫৩.০৪	৬৪.৯২
৩০	ব্রাহ্মণবাড়িয়া	৩.৭৮	৮.৭২	১২.৫০	৪৩.৬৭	৩৮.৯৯	৮২.৬৬	৯৫.১৬
৩১	ফেনী	২.৪৯	৭.৩৮	৯.৮৭	২৭.৭৩	২৪.৭৫	৫২.৪৮	৬২.৩৫
৩২	নোয়াখালী	৯.১৩	২৭.৪৬	৩৬.৫৯	৪১.১০	৩৬.৬৯	৭৭.৭৯	১১৪.৩৮
৩৩	সফীপুর	১৩.১৫	৩০.১১	৪৩.২৬	৪০.৭৬	৩৬.৪০	৭৭.১৬	১২০.৪২
	মোট :	৪১.৩৮	১১৯.০২	১৬০.৪০	২৭০.৪৭	২৪১.৪৮	৫১১.৯৫	৬৭২.৩৫


২২/০৫/২০১৫

ক্রঃ নং	এলপিও/ কর্পোরেট শাখা/ মুখ্য অঞ্চল/ অঞ্চলের নাম	২০১৫-২০১৬ অর্থ বছরের ঋণ আদায় লক্ষ্যমাত্রা						সর্বমোট ঋণ আদায় লক্ষ্যমাত্রা
		শ্রেণীকৃত ঋণ আদায় লক্ষ্যমাত্রা			শ্রেণীযোগ্য ঋণ আদায় লক্ষ্যমাত্রা			
		এসএস ও ডিএফ (SS & (B/L)	বিএল (B/L)	মোট (CL)	শ্রেণীযোগ্য ঋণ-১ (WCL-1)	শ্রেণীযোগ্য ঋণ-২ (WCL-2)	মোট (WCL)	
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
	সিলেট বিভাগ							
৩৪	সিলেট	৯.৫৪	১৯.৪৫	২৮.৯৯	২৭.৭৫	২৪.৭৮	৫২.৫৩	৮১.৫২
৩৫	সুনামগঞ্জ	৫.৮৮	২৬.৬২	৩২.৫০	১৯.৯২	১৭.৭৮	৩৭.৭০	৭০.২০
৩৬	মৌলভীবাজার	২.৩৪	৭.০০	৯.৩৪	৪১.৮৪	৩৭.৩৬	৭৯.২০	৮৮.৫৪
৩৭	হবিগঞ্জ	৪.৫৫	১৭.৮৭	২২.৪২	৩৫.৬৭	৩১.৮৫	৬৭.৫২	৮৯.৯৪
৩৮	সিলেট কঃ শাখা	০.৪৬	২.৩৬	২.৮২	১৫.৯৭	১৪.২৬	৩০.২৩	৩৩.০৫
	উপ-সমষ্টি :	২২.৭৭	৭৩.৩০	৯৬.০৭	১৪১.১৫	১২৬.০৩	২৬৭.১৮	৩৬৩.২৫
	খুলনা বিভাগ							
৩৯	খুলনা	২.৩১	২.৪৮	৪.৭৯	৭০.৬৩	৬৩.০৬	১৩৩.৬৯	১৩৮.৪৮
৪০	বানের হাট	১.০৬	১.৯৯	৩.০৫	৫৪.১৮	৪৮.৩৭	১০২.৫৫	১০৫.৬০
৪১	সাতক্ষীরা	০.৩৮	০.৩৪	০.৭২	৪৪.২১	৩৯.৪৭	৮৩.৬৮	৮৪.৪০
৪২	যশোর	১.০৫	৫.৪০	৬.৪৫	৬৭.৫৩	৬০.৩০	১২৭.৮৩	১৩৪.২৮
৪৩	নড়াইল	০.৪৯	০.৫৬	১.০৫	২৭.৮৮	২৪.৮৯	৫২.৭৭	৫৩.৮২
৪৪	খুলনা কঃ শাখা	০.২৩	২০.৫৮	২০.৮১	১৩.৭৪	১২.২৭	২৬.০১	৪৬.৮২
	উপ-সমষ্টি :	৫.৫২	৩১.৩৫	৩৬.৮৭	২৭৮.১৭	২৪৮.৩৬	৫২৬.৫৩	৫৬৩.৪০
	কুষ্টিয়া বিভাগ							
৪৫	কুষ্টিয়া	১০.২৮	২০.৯২	৩১.২০	৮১.০২	৭২.৩৪	১৫৩.৩৬	১৮৪.৫৬
৪৬	চুয়াডাঙ্গা	২.৭০	৩.১২	৫.৮২	৩৮.২৬	৩৪.১৬	৭২.৪২	৭৮.২৪
৪৭	মেহেরপুর	০.৪৫	৩.০৭	৩.৫২	৩৪.১৭	৩০.৫১	৬৪.৬৮	৬৮.২০
৪৮	ঝিনাইদহ	০.০১	৩.২৯	৩.৩০	৬৯.৩৭	৬১.৯৪	১৩১.৩১	১৩৪.৬১
৪৯	মাগুরা	০.৯০	১.৮২	২.৭২	৩৪.৪০	৩০.৭২	৬৫.১২	৬৭.৮৪
	উপ-সমষ্টি :	১৪.৩৪	৩২.২২	৪৬.৫৬	২৫৭.২২	২২৯.৬৭	৪৮৬.৮৯	৫৩৩.৪৫
	বরিশাল বিভাগ							
৫০	বরিশাল	৩.৫০	৪.০২	৭.৫২	৬৩.৮০	৫৬.৯৬	১২০.৭৬	১২৮.২৮
৫১	পিরোজপুর	২.১০	১.১৮	৩.২৮	৩২.৬৭	২৯.১৭	৬১.৮৪	৬৫.১২
৫২	পটুয়াখালী	১৫.৭১	১৮.৫০	৩৪.২১	৩৩.৯৪	৩০.৩০	৬৪.২৪	৯৮.৪৫
৫৩	ভোলা	৩৩.৪৬	২৭.২৩	৬০.৬৯	৪৭.৭৬	৪২.৬৫	৯০.৪১	১৫১.১০
৫৪	বরগুনা	৫.৩৭	৭.৬১	১২.৯৮	৫৭.১৬	৫১.০৬	১০৮.২২	১২১.২০
৫৫	ঝালকাঠী	০.৩৪	০.৮৫	১.১৯	২৬.১০	২৩.৩১	৪৯.৪১	৫০.৬০
	উপ-সমষ্টি :	৬০.৪৮	৫৬.৩৯	১১৯.৮৭	২৬১.৪৩	২৩৩.৪৫	৪৯৪.৮৮	৬১৪.৭৫
	ফরিদপুর বিভাগ							
৫৬	ফরিদপুর	১৪.২৯	৮.৩৯	২২.৬৮	৩২.০৮	২৮.৬৪	৬০.৭২	৮৩.৪০
৫৭	রাজবাড়ী	০.৮৩	৪.০৪	৪.৮৭	৪১.২৪	৩৬.৮৩	৭৮.০৭	৮২.৯৪
৫৮	মাদারীপুর	২.৯৬	৭.৪৩	১০.৩৯	৩৭.৫৮	৩৩.৫৭	৭১.১৫	৮১.৫৪
৫৯	গোপালগঞ্জ	১.৩৮	৩.৩৯	৪.৭৭	৩১.৭১	২৮.৩১	৬০.০২	৬৪.৭৯
৬০	শরীয়তপুর	২.০০	৫.২১	৭.২১	৪৭.৪০	৪২.৩২	৮৯.৭২	৯৬.৯৩
	উপ-সমষ্টি :	২১.৪৬	২৮.৪৬	৪৯.৯২	১৯০.০১	১৬৯.৬৭	৩৫৯.৬৮	৪০৯.৬০
৬১	এলপিও	৮৫.৪১	৩০.৭৪	১১৬.১৫	২২৯.১৫	২০৪.৬০	৪৩৩.৭৫	৫৪৯.৯০
	সর্বমোটঃ	৫২০.০০	৯৩০.০০	১৪৫০.০০	২৮০০.০০	২৫০০.০০	৫৩০০.০০	৬৭৫০.০০


(মোঃ আবদুল মান্নান)
উপ-মহাব্যবস্থাপক


(ডাঃ মোঃ নূর সাদ্দিক)
সহকারী মহাব্যবস্থাপক

বাংলাদেশ কৃষি ব্যাংক

পরিশিষ্ট-খ

..... কার্যালয়,

বিষয়ঃ ৩০-০৬-২০১৫ তারিখ ভিত্তিক অনাদায়ী ঋণ স্থিতির বিপরীতে ৩১-১২-২০১৫ সূত্র তারিখ ভিত্তিক শ্রেণীযোগ্য ঋণ-১ (WCL-1) এবং ৩০-০৬-২০১৬ সূত্র তারিখ ভিত্তিক শ্রেণীযোগ্য ঋণ-২ (WCL-2) স্থিতির বিবরণী।
(লক্ষ টাকায়)

ক্রঃ নং	শাখার নাম	৩১-১২-২০১৫ ভিত্তিক WCL-1						৩০-০৬-২০১৬ ভিত্তিক WCL-2						মোট WCL	
		ঋণ মেয়াদী ঋণ		মেয়াদী ঋণ		মোট		ঋণ মেয়াদী ঋণ		মেয়াদী ঋণ		মোট		সংখ্যা	পরিমাণ
		সংখ্যা	পরিমাণ	সংখ্যা	পরিমাণ	সংখ্যা	পরিমাণ	সংখ্যা	পরিমাণ	সংখ্যা	পরিমাণ	সংখ্যা	পরিমাণ		
০১	০২	০৩	০৪	০৫	০৬	০৭	০৮	০৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬

প্রস্তুতকারী কর্মকর্তার স্বাক্ষর(নামের সীলসহ) আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা/বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা
 উপ-মহাব্যবস্থাপক(কম্পিউটার শাখা)/মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক

বিঃদ্রঃ মুখ্য অঞ্চল/অঞ্চলসমূহের শাখাসমূহ একাধিক আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়ের অন্তর্ভুক্ত হলে সংশ্লিষ্ট আঞ্চলিক নিরীক্ষা কার্যালয় কর্তৃক যাচাইকৃত বিবরণী সংকলিত করে প্রতিটি মুখ্য অঞ্চল/অঞ্চলের জন্য একটি বিবরণী(নিরীক্ষা কার্যালয়ের যাচাইকৃত বিবরণীসহ) প্রেরণ করতে হবে।
 D:\Annual Recovery\Target 2013-2014 doc\1\9.pdf